

# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৫৬

২৩/ মুসাকাত ও মুযারাত (বর্গাচাষ) (کتاب المساقاة والمزارعة) পরিচ্ছেদঃ ১৫. উট বিক্রি করা ও (বিক্রেতা) তাতে আরোহণের শর্ত করা

# باب بَيْعِ الْبَعِيرِ وَاسْتِثْنَاءِ رُكُوبِهِ

#### আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ، عَنْ جَابِرٍ، قَالَ أَقْبَلْنَا مِنْ مَكَّةَ إِلَى الْمَدِينَةِ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَاعْتَلَّ جَمَلِي . وَسَاقَ الْحَدِيثَ بِقِصَّتِهِ وَفِيهِ ثُمَّ قَالَ لِي " بِعْنِي جَمَلَكَ هَذَا " . قَالَ قُلْتُ لاَ بَلْ هُوَ لَكَ يَا رَسُولَ اللَّهِ . قَالَ " لاَ بَلْ بِعْنِيهِ " . قَالَ قُلْتُ لاَ بَلْ هُوَ لَكَ يَا رَسُولَ اللَّهِ . قَالَ " لاَ بَلْ بِعْنِيهِ " . قَالَ قُلْتُ لاَ بَلْ هُوَ لَكَ بِهَا . قَالَ " قَد أَخَذْتُهُ فَتَبَلَّغْ عَلَيْهِ إِلَى قَالَ قُلْتُ لاَ بَلْ الله عليه وسلم لِبِلالٍ " أَعْطِهِ الْمَدِينَةِ " . قَالَ فَلَمَّا قَدِمْتُ الْمَدِينَةَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لِبِلالٍ " أَعْطِهِ أُوقِيَّةً مِنْ ذَهَبٍ وَزَادَنِي قِيرَاطًا \_ قَالَ \_ فَقُلْتُ الله عليه وسلم وزَدْهُ " . قَالَ فَأَعْطَانِي أُوقِيَّةً مِنْ ذَهَبٍ وَزَادَنِي قِيرَاطًا \_ قَالَ \_ فَقُلْتُ لاَ الله عليه وسلم \_ قَالَ وَكَانَ فِي كِيسٍ لِي فَأَخَذَهُ أَلْ الشَّام يَوْمَ الْحَرَّةِ . . قَالَ اللّهِ صلى الله عليه وسلم \_ قَالَ \_ فَكَانَ فِي كِيسٍ لِي فَأَخَذَهُ أَلْ الشَّام يَوْمَ الْحَرَّةِ . .

#### বাংলা

৩৯৫৬। উসমান ইবনু আবৃ শায়বা (রহঃ) ... জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে মক্কা থেকে মদিনায় প্রত্যাগমন করি। অতঃপর আমার উট অসুস্থ হয়ে পড়ে এবং পুর্ণ ঘটনাসহ তিনি হাদীস বর্ণনা করেন। আর এ বর্ণনায় আছে যে, তিনি আমাকে বললেন, আমার নিকট তোমার এ উট বিক্রি কর। আমি বললাম, না বরং এটা আপনারই। তিনি বললেন, না বরং আমার নিকট বিক্রি কর। আমি বললাম, না বরং এটা তো আপনারই হে আল্লাহর রাসুল! তিনি বললেন না, বরং এটা আমার নিকট বিক্রি কর। আমি বললাম, তাহলে আমার উপর এক ব্যক্তির এক উকিয়া স্বর্ণ পাওনা আছে তার বিনিময়ে এটা আপনার। তিনি বললেন আমি এটা গ্রহন করলাম। তুমি এতে আরোহণ করে মদিনা পর্যন্ত যেতে পারবে।

জাবির (রাঃ) বললেন, যখন আমি মদিনায় পৌছলাম তখন রাসুলুল্লাহ সাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম বিলালকে বললেন, একে এক উকিয়া ,স্বর্ণ দাও এবং কিছু অতিরিক্ত দাও। অতঃপর তিনি আমাকে এক উকিয়া স্বর্ণ দিলেন



এবং এক কীরাত অতিরিক্ত দিলেন।

জাবির (রাঃ) বলেন, আমি (মনে মনে) বললামঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদত্ত (বরকতময়) অতিরিক্তটুকু কখনও আমার থেকে বিচ্ছিন্ন হবে না। রাবী বলেন, অতঃপর তা আমার নিকট একটি থলির মধ্যে থাকত। সিরিয়াবাসীরা হাররা (দুর্যোগের) ঘটনায় সিরীয়রা ছিনিয়ে নিয়ে যায়।

## **English**

### Jabir reported:

We went from Mecca to Medina with Allah's Messenger () when my camel fell ill, and the rest of the hadith is the same. (But it in also narrated in it: ) He (the Holy Prophet) said to me: Sell your camel to me. I said: No, but it is yours. He said: No. (it can't be), but sell it to me. I said: No, but, Allah's Messenger, it is yours. He said: No, it can't be, but sell it to me. I said: Then give me an 'uqaya of gold for I owe that to a person and then it would be yours. He (the Holy Prophet) said: I take it (for an 'uqiya of gold) and you reach Medina on it. As I reached Medina, Allah's Messenger () said to Bilal: Give him an 'uqiya of gold and make some extra payment too. He (Jabir) said: He gave me an 'uqiya of gold and made an addition of a qirat. He (Jabir) said: The addition made by Allah's Messenger () was with me (as a sacred trust for belssing) and lay with me in a pocket until the people of Syria took it on the Day of Harra.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন